

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১৫২৬  
আগরতলা, ১২ সেপ্টেম্বর, ২০২০

**জিবি কোভিড হাসপাতালে আগস্ট মাস থেকে অক্সিজেন নেই তা সঠিক নয় : সাংসদ**

কোভিড-১৯ সংক্রমণ মোকাবিলায় ডাক্তার, নার্স, স্বাস্থ্যকর্মী ও স্বেচ্ছাসেবকদের সার্বিক সহযোগিতায় জিবি কোভিড হাসপাতালের পরিষেবা যথাযথ রয়েছে। কোভিড আক্রান্ত রোগীদের সুস্থ করে তুলতে ডাক্তার, নার্স সহ সমস্ত স্বাস্থ্যকর্মীরা আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। কোভিড আক্রান্ত রোগীদের মনোবল বাড়াতে সবাইকে সদর্থক ভূমিকা নিতে হবে। জিবি হাসপাতালে অক্সিজেনের সমস্যা নিয়ে আজ বিভিন্ন পত্রপত্রিকায় ও সোস্যাল মিডিয়ায় যে খবর প্রকাশিত হয়েছে তা আকস্মিক না অন্তর্গতমূলক সেটা ক্ষতিয়ে দেখা হচ্ছে। এ জন্য তিন সদস্য বিশিষ্ট এক তদন্ত কমিটিও গঠন করা হয়েছে। কমিটিতে রয়েছেন স্বাস্থ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা ডা. শুভাশিষ দাস, জি বি-র ডেপুটি এম এস ডা. শিবপদ চক্রবর্তী ও ডেপুটি এম এস ডা. সমর্পিতা দত্ত। আজ বিকেলে রোগী কল্যাণ সমিতির চেয়ারপার্সন তথা সাংসদ প্রতিমা ভৌমিক এ জি এম সি'র কাউন্সিল রুমে এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানান।

সাংবাদিক সম্মেলনে তিনি জানান, জিবি-র প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ তলায় কোভিড আক্রান্ত রোগী রাখার ব্যবস্থা করা হয়েছে। প্রত্যেক করোনা রোগীকে রোজ ৩৮০ টাকার খাবার দেওয়া হচ্ছে। বিশুদ্ধ পানীয় জল দেওয়া হচ্ছে ৪ লিটার। এখানে অক্সিজেনের কোন অভাব নেই। অক্সিজেনের লিভার পয়েন্টে সি সি ক্যামেরা স্থাপন ও টি এস আর বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জিবি কোভিড হাসপাতালের যে ৩৬৪ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছিলেন তাদের মধ্যে ২২৫ জন সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন। বর্তমানে ১৩৯ জন স্বাস্থ্যকর্মী পজিটিভ রয়েছেন। করোনা আক্রান্ত কোন স্বাস্থ্যকর্মী মারা যাননি। মৃত্যুহার কমাতে সরকার সার্বিক প্রচেষ্টা নিয়েছে। জিবি কোভিড হাসপাতালের প্রত্যেক কর্মী এ কাজে সহযোগিতা করছেন।

সাংবাদিক সম্মেলনে সাংসদ শ্রীমতি ভৌমিক বলেন, কিছু সংখ্যক লোক জিবি কোভিড হাসপাতালের পরিষেবা নিয়ে অপপ্রচার করছেন। সরকার এ ধরনের অপপ্রচারের নিন্দা জানাচ্ছে। জিবি কোভিড হাসপাতালে আগস্ট মাস থেকে অক্সিজেন নেই তা সঠিক নয়। এই সংবাদ সম্পূর্ণ অসত্য ও ভিত্তিহীন। তিনি বলেন, অক্সিজেনের প্রেসার ৫০ থেকে ৬০-এর মধ্যে থাকতে হয়। এখন ৫৩ রয়েছে। আমাদের রাজ্যে করোনা রোগীর মৃত্যুর হার রয়েছে ০.৯৬ শতাংশ। করোনায় মৃতদেহ সংকারের জন্য বটতলা মহাশ্মশানে ৪টি চুল্লী কাজ করছে। সাংবাদিক সম্মেলনে সাংসদ শ্রীমতি ভৌমিক কোভিড-১৯ মোকাবিলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের উদ্যোগের প্রশংসা করেন।

সাংবাদিক সম্মেলনে পশ্চিম জেলার জেলাশাসক ডা. শৈলেশ কুমার যাদব জানান, আজ আগরতলা পুরনিগমের ১১টি ওয়ার্ডে ৪২০ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। এরমধ্যে ৭৫ জনের করোনা পজিটিভ পাওয়া গেছে। আগামীকাল জিবিতে করোনা রোগী ২০০ জনকে অক্সিজেন রি-ব্রেথিং মাস্ক দেওয়া হবে। কোভিড সেন্টার থেকে বা হোম আইসোলেশন থেকে যারা জিবি-র কোভিড সেন্টারে আসবেন তাদের গাড়িতে অক্সিজেনের ব্যবস্থা থাকবে। প্রমাণ ছাড়া কোভিড-১৯ সংক্রমণ নিয়ে কোন আতঙ্ক সৃষ্টি করলে প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা আইনের ৫৪ ধারায় ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, রাজ্য সরকার কোন কিছু গোপন করছে না। ভুল হলে ধরিয়ে দিন। সাংবাদিক সম্মেলনে জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডা. দেবাশিষ রায় জানান, আমরা কখনো চাইব না রোগীর ক্ষতি হোক। তারা যাতে সুস্থ হয়ে উঠতে পারে তার জন্য সকল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা ডা. শুভাশিষ দাস উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*